# Times Today BD

এসকে সোহেল | খুলনা | 04 April, 2025

বাগেরহাটে মোবাইল অপারেটর রবি কোম্পানির সিম বিক্রয় কর্মীকে ধর্ষণের অভিযোগে ৩ যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ।শুক্রবার (০৪ এপ্রিল) বিকেলে গ্রেপ্তারকৃতদের বিরুদ্ধে মামলা দায়ের করেছে নির্যাতিত ওই নারী।এর আগে বৃহস্পতিবার (০৩ এপ্রিল) রাতে সিএনবি বাজার এলাকা থেকে এদের গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তারকৃতরা হলেন, বাগেরহাট সদর উপজেলার রাখালগাছি ইউনিয়নের করোরী গ্রামের পরিতোষ দাসের ছেলে সজীব দাশ (১৯),কিংকর দাসের ছেলে লিখন দাস) (২০) ও ইলিয়াস হোসেনের ছেলে শেখ নজরুল ইসলাম ।অভিযুক্তদের আদালতে সোপর্দের প্রস্তুতি চলছে।

মামলা সূত্রে জানাযায়, নির্যাতনের স্বীকার ওই নারী রবি কোম্পানির সিম বিক্রি করেন।বৃহস্পতিবার(০৩ এপ্রিল)সন্ধ্যায় একজন লোক সিম ক্রয়ের কথা বলে ওই নারীকে সিএনবি বাজার আসতে বলে।সে রাত ৮টার দিকে সিএন্ডবি বাজারে আসে, তবে বাজারে সিম ক্রয়ের জন্য কেউ না আসায়।সে কিছুক্ষন পরে বাড়ির উদ্দেশ্যে রওনা করে।এসময় জন্য সিএনবি বাজার পার হয়ে খুলনা বাগেরহাট মহাসড়কের পাকা ব্রিজের পূর্ব পাশে পৌঁছালে এক ছেলে তার মুখ চেপে ব্রিজের নিচে নিয়ে যায়।ভয়ভীতি দেখিয়ে তিনজনে ধর্ষণ করে ও ভিডিও ধারণ করে।

পরে ওই নারীর সনাক্ত মতে এই তিনজনকে গ্রেপ্তার করে পুলিশ।

বাগেরহাটের অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মোঃ শামীম হোসেন বলেন, ওই নারীর সনাক্ত মতে তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে। তাদের বিরুদ্ধে মামলা হয়েছে।নির্যাতিতা নারী পুলিশ হেফাজতে রয়েছেন।এর সাথে অন্য কেউ জড়িত আছে কিনা তাও খতিয়ে দেখা হচ্ছে বলে জানান এই পুলিশ কর্মকর্তা।

সিম কোম্পানি ধর্ষণ গ্রেপ্তার পুলিশ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:42

URL: https://www.timestodaybd.com/public/khulna/775807287